

বর্ধমান মিউনিসিপ্যাল হাই স্কুল

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তির বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি

তারিখ- ১৮-৫-২০ ১৯

বর্ধমান মিউনিসিপ্যাল হাইস্কুলের ছাত্রদের (বাংলা মাধ্যম) বিজ্ঞান বিভাগে ভর্তির ক্ষেত্রে নিয়ম-

বর্ধমান মিউনিসিপ্যাল হাইস্কুল থেকে মাধ্যমিক উত্তীর্ণ হয়ে যারা একাদশ শ্রেণীতে বিজ্ঞান বিভাগে ভর্তি হতে ইচ্ছুক এমন ছাত্রদের জানানো যাচ্ছে যে, সরাসরি বিজ্ঞান বিভাগে ভর্তির জন্য মাধ্যমিক পরীক্ষায় একজন ছাত্রকে সর্বমোট ন্যূনতম ৪৯০ নম্বর পেতে হবে (মোটের ওপর ৭০ %) এবং বিজ্ঞানের বিষয়গুলিতে (অর্থাৎ, অঙ্ক, ভৌতবিজ্ঞান এবং জীবনবিজ্ঞান তিনটি বিষয় মিলিতভাবে) ন্যূনতম ২২৫ (বিজ্ঞান বিভাগে ৭৫ %) নম্বর পেতে হবে।

বিজ্ঞান বিভাগে একজন ছাত্র যে বিষয়গুলি নির্বাচন করতে পারে সেগুলি হল- (বাংলা ও ইংরাজী আবশ্যিক) অঙ্ক, পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, জীববিদ্যা, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার অ্যাপ্লিকেশন।

বর্ধমান মিউনিসিপ্যাল হাইস্কুলের ছাত্রদের কলা বিভাগে ভর্তির ক্ষেত্রে নিয়ম-

বর্ধমান মিউনিসিপ্যাল হাইস্কুল থেকে মাধ্যমিক উত্তীর্ণ হয়ে যারা একাদশ শ্রেণীতে কলা বিভাগে ভর্তি হতে ইচ্ছুক এমন ছাত্রদের জানানো যাচ্ছে যে, মাধ্যমিক পরীক্ষায় ছাত্রকে সর্বমোট ন্যূনতম ৩১৫ (৪৫ %) নম্বর পেতে হবে (দর্শন, ইতিহাস, অর্থনীতি, সংস্কৃত, ভূগোল ইত্যাদি বিষয় নেওয়ার ক্ষেত্রে)। কোনো ছাত্র যদি ভূগোল নিতে চায় তাহলে তাকে অবশ্যই ভূগোলে ন্যূনতম ৫৫ নম্বর পেতে হবে। কলা বিভাগে ভর্তির ক্ষেত্রে একজন ছাত্র যে বিষয়গুলি নির্বাচন করতে পারে সেগুলি হল- (বাংলা ও ইংরাজী আবশ্যিক) দর্শন, ইতিহাস, রষ্ট্রবিজ্ঞান, সংস্কৃত, ভূগোল, অর্থনীতি, অঙ্ক, কম্পিউটার অ্যাপ্লিকেশন।

বর্ধমান মিউনিসিপ্যাল হাইস্কুলের ছাত্রদের বানিজ্য বিভাগে ভর্তির ক্ষেত্রে নিয়ম-

বর্ধমান মিউনিসিপ্যাল হাইস্কুল থেকে মাধ্যমিক উত্তীর্ণ হয়ে যারা একাদশ শ্রেণীতে বানিজ্য বিভাগে সরাসরি ভর্তি হতে ইচ্ছুক এমন ছাত্রদের জানানো যাচ্ছে যে, সরাসরি বানিজ্য বিভাগে ভর্তির জন্য ছাত্রকে মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। অঙ্ক নিতে হলে কোন ছাত্রকে মাধ্যমিক পরীক্ষায় ন্যূনতম ৬০ নম্বর পেতে হবে। বানিজ্য বিভাগে ভর্তির ক্ষেত্রে একজন ছাত্র যে বিষয়গুলি নির্বাচন করতে পারে সেগুলি হল- (বাংলা, (BNGA) ও ইংরাজী (ENGB) আবশ্যিক, অ্যাকাউন্টেন্সি, বিসনেস স্টাডিস, অর্থনীতি, কম্পিউটার অ্যান্ড টেক্সন, কমারশিয়াল ল অ্যান্ড প্রিলিমিনারিস অব অডিটিং, অঙ্ক, কম্পিউটার সায়েন্স / কম্পিউটার অ্যাপ্লিকেশন।

তপশীল জাতি, তপশীল উপজাতি, অন্যান্য অনগ্রসর শ্রেণী এবং প্রতিবন্ধী ছাত্রদের ক্ষেত্রে -

বর্ধমান মিউনিসিপ্যাল হাইস্কুলের তপশীল জাতি, তপশীল উপজাতি, অন্যান্য অনগ্রসর শ্রেণী এবং প্রতিবন্ধী কোন ছাত্র কলা বিভাগে ভর্তির জন্য আবেদন করলে মাধ্যমিক পরীক্ষায় মোটের উপর ৪০% (২৮০) এবং ভূগোল নিলে ৫০ নম্বর এবং অঙ্ক নিলে ৫৫ নম্বর পেতে হবে।

বানিজ্য বিভাগে সংরক্ষিত শ্রেণীর আবেদনকারী সকল ছাত্রকে ভর্তি করে নেওয়া হবে।

প্রধান শিক্ষক